গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২১৫/২০১৮-২০১৯
ঢাকা, সোমবার ১৩ মে ২০১৯, ৩০ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। একজন সফল মা হিসেবে প্রধানমন্ত্রী দেশকে নেতৃত্ব দিয়ে এগিয়ে নিচ্ছেন : মা দিবসের অনুষ্ঠানে স্পিকার
২। বুদ্ধপূর্ণিমায় ২ হাজার ৮৫ বৌদ্ধ মন্দিরে বিতরণ করা হবে প্রধানমন্ত্রীর অনুদান
৩। বুধবার দেশে ফিরছেন সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের
৪। তামাকজনিত রোগে আক্রান্তদের চিকিৎসা ব্যয় তামাকখাতের আয় থেকে বেশি : কৃষিমন্ত্রী
৫। ভূমধ্যসাগরে নিখোঁজদের উদ্ধারে চেষ্টা চলছে : সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী
৬। ভেজাল ৫২ খাদ্যপণ্য বিক্রি বন্ধে হাইকোর্টের নির্দেশ
৭। খাদ্যে ভেজাল রোধে প্রয়োজনে মৃত্যুদণ্ডের বিধান করা হবে : খাদ্যমন্ত্রী
৮। অনলাইনে একাদশ শ্রেণিতে ভর্তি আবেদন শুরু,
বিশ্ববিদ্যালয়ের ভর্তি কার্যক্রমে সমন্বিত ব্যবস্থা চালু করার চিন্তা
৯। উদ্ভাবনের সুফল পেতে মেধাস্বত্ব সংরক্ষণ জরুরি : তথ্যপ্রযুক্তিমন্ত্রী
১০। ওয়ার্ল্ডস্কিলস এশিয়ার সদস্যপদ পেল বাংলাদেশ
১১। সোনাগাজীর মাদ্রাসাছাত্রী নুসরাতকে পুড়িয়ে হত্যার ঘটনায়
দায়িত্বে অবহেলার অভিযোগে এসপি জাহাঙ্গীরকে প্রত্যাহার
১২। আজ ত্রিদেশীয় সিরিজে ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি বাংলাদেশ, জিতলেই ফাইনালে

চলমান পাতা-২

**১।	একজন সফল মা হিসেবে প্রধানমন্ত্রী দেশকে নেতৃত্ব দিয়ে এগিয়ে নিচ্ছেন : মা দিবসের অনুষ্ঠানে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা একজন সফল মা হিসেবে বাংলাদেশকে নেতৃত্ব দিয়ে এগিয়ে নিয়ে যাচ্ছেন। গতকাল (**১২** মে রোববার) রাজধানী ঢাকার রাওয়া কনভেনশন সেন্টারে বিশ্ব মা দিবস উপলক্ষে ইউনিভার্সেল মেডিকেল কলেজ হাসপাতাল আয়োজিত 'গরবিনী মা' বিশেষ সম্মাননা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্পিকার বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা মায়েদের কল্যাণে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছেন। মাতৃত্বকালীন ভাতা, ল্যাকটেটিং মায়েদের ভাতা, চাকুরিজীবী মায়েদের সবেতনে ৬ মাস মাতৃত্বকালীন ছুটি, পাসপোর্টে বাবার পাশাপাশি মায়ের নাম অন্তর্ভুক্তিকরণসহ কর্মজীবী মায়েদের জন্য বিভিন্ন সুযোগ নিশ্চিত করেছেন। এ সময় স্পিকার মায়েদের যে কোনো প্রয়োজনে সন্তানদের উদার হয়ে এগিয়ে আসার আহ্বান জানান। সূত্র **: সংবাদ (**শেষ পৃ,ক.৬)**, সমকাল** (পৃ.১৯,ক.২)**, ডেইলি সান** (পৃ.২,ক.২)**, নিউজ টুডে** (পৃ.২,ক.৪)।

**২।	বুদ্ধপূর্ণিমায় ২ হাজার ৮৫ বৌদ্ধ মন্দিরে বিতরণ করা হবে প্রধানমন্ত্রীর অনুদান**

আসন্ন বুদ্ধপূর্ণিমায় প্রধানমন্ত্রী প্রদত্ত অনুদান সারাদেশের নিবন্ধিত দুই হাজার ৮৫ বৌদ্ধ মন্দিরে সমহারে বিতরণ করা হবে। বুদ্ধপূর্ণিমার আগেই বিভিন্ন অনুদান বিতরণের জন্য ট্রাস্টিদের অনুরোধ জানানো হয়েছে। আগামী **১৮** মে শুভ বুদ্ধপূর্ণিমা। গতকাল (**১২** মে রোববার) সকাল **১১**টায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ৮৩তম বোর্ড সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। ধর্ম প্রতিমন্ত্রী ও বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের চেয়ারম্যান শেখ মোঃ আব্দুল্লাহ সভায় সভাপতিত্ব করেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৬)।

**৩।	বুধবার দেশে ফিরছেন সিঙ্গাপুরে চিকিৎসাধীন সেতুমন্ত্রী ওবায়দুল কাদের**

সিঙ্গাপুরে চিকিৎসাধীন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের টেলিফোনে প্রধানমন্ত্রী ও দলীয় সভাপতি শেখ হাসিনার সঙ্গে কথা বলেছেন। ওবায়দুল কাদের আগামী **১৫** মে বুধবার তাঁর দেশে ফেরার বিষয়টি প্রধানমন্ত্রীকে নিশ্চিত করেছেন। সিঙ্গাপুর সময় গতকাল (**১২** মে রোববার) সকাল সাড়ে **১০**টায় প্রধানমন্ত্রী ও সেতুমন্ত্রী টেলিফোনে কথা বলেছেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইটে বুধবার সন্ধ্যা ৬টায় ওবায়দুল কাদেরের ঢাকায় হযরত শাহজালাল বিমানবন্দরে অবতরণ করার কথা রয়েছে। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.৫)**, ভোরের কাগজ** (পৃ.১,ক.১)**, ডেইলি সান (শেষ** পৃ,ক.১)**, ইন্ডিপেনডেন্ট (শেষ** পৃ,ক.১)।

**৪।	তামাকজনিত রোগে আক্রান্তদের চিকিৎসা ব্যয় তামাকখাতের আয় থেকে বেশি : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক বলেছেন, তামাক ও তামাকজাত পণ্য উৎপাদনকারী কোম্পানির কাছ থেকে সরকার বছরে প্রায় ২০ হাজার কোটি টাকা রাজস্ব পাচ্ছে। কিন্তু তামাকজনিত রোগে আক্রান্তদের চিকিৎসার পেছনে এর চেয়ে বেশি ব্যয় হচ্ছে। এমন পরিস্থিতিতে শুধু ঢাকায় বসবাসকারীরা যদি সঠিকভাবে ট্যাক্স দেয়- তাহলে তামাক কোম্পানির ট্যাক্স পরিহার করা সহজ হবে এবং তামাক উৎপাদনও বন্ধ করা যাবে। গতকাল (**১২** মে রোববার) রাজধানীর আগারগাঁওয়ে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন অডিটোরিয়ামে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে কৃষিমন্ত্রী এসব কথা বলেন। **সূত্র : সমকাল** (পৃ.১৯,ক.৫)**, সংবাদ** (পৃ.৪,ক.৩)।

**৫।	ভূমধ্যসাগরে নিখোঁজদের উদ্ধারে চেষ্টা চলছে : সাংবাদিকদের পররাষ্ট্রমন্ত্রী**

তিউনিশিয়ার উপকূলে ডুবে যাওয়া নৌকায় **৫১** জন বাংলাদেশি ছিলেন। এর মধ্যে ৩০ থেকে ৩৫ জনের মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে। এখন পর্যন্ত তারা নিখোঁজ। ভূমধ্যসাগরে নৌকাডুবিতে ভেসে যাওয়া বাংলাদেশিদের উদ্ধার তৎপরতা অব্যাহত রয়েছে। গতকাল (**১২** মে রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক ব্রিফিংয়ে এ কথা জানান পররাষ্ট্রমন্ত্রী এ কে আব্দুল মোমেন। পররাষ্ট্রমন্ত্রী জানান, তিউনিশিয়ার প্রতিবেশী রাষ্ট্র লিবিয়া থেকে বাংলাদেশ দূতাবাসের পাঠানো বার্তায় জানানো হয়েছে, নৌকায় ৫১ জন বাংলাদেশি ছিলেন। তবে এর মধ্যে কতজন নিহত হয়েছেন, সে সম্পর্কে দূতাবাস সুনির্দিষ্ট তথ্য জানাতে পারেনি। আন্তর্জাতিক গণমাধ্যমের খবর থেকে জানা যাচ্ছে, নৌকাডুবির ঘটনায় জীবিত উদ্ধারকৃতদের মধ্যে **১৪** জন বাংলাদেশি। তারা সত্যিই বাংলাদেশি নাগরিক কি-না, তা নিশ্চিত হওয়ার জন্য লিবিয়ায় বাংলাদেশ দূতাবাসকে নির্দেশ দেওয়া হয়েছে। মন্ত্রী জানান, ত্রিপোলি থেকে দূতাবাসের এক কর্মকর্তা তিউনিশিয়ায় ঘটনাস্থলে গেছেন। তিনি নিহত ও উদ্ধার হওয়া ব্যক্তিদের সম্পর্কে খোঁজ নেবেন। পরে উদ্ধার হওয়া ব্যক্তিদের দেশে ফিরিয়ে আনার উদ্যোগ নেওয়া হবে। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.৮)**, সংবাদ** (পৃ.১,ক.৩)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)**, অবজারভার** (পৃ.১,ক.৮)।

**৬।	ভেজাল ৫২ খাদ্যপণ্য বিক্রি বন্ধে হাইকোর্টের নির্দেশ**

খাদ্যপণ্যে ভেজাল রোধে সরকারকে কঠোর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছে হাইকোর্ট। প্রয়োজনে মাদক নির্মূলের মতো সারাদেশে ভেজাল খাদ্যপণ্যের বিরুদ্ধে যুদ্ধ বা জরুরি অবস্থা ঘোষণা করা যেতে পারে বলেও আদালতের পর্যবেক্ষণে বলা হয়েছে। এ ছাড়া বিএসটিআই'র মানের পরীক্ষায় অনুত্তীর্ণ বিভিন্ন কোম্পানির ৫২টি খাদ্যপণ্য বিক্রি বন্ধের পাশাপাশি উৎপাদনকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতেও নির্দেশ দেওয়া হয়েছে। বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি রাজিক আল জলিল সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল (১২ মে রোববার) এ আদেশ দেয়। সূত্র **: সমকাল** (পৃ.৩,ক.৪)**, যুগান্তর** (পৃ.১,ক.২)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)**, ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৭ ।	খাদ্যে ভেজাল রোধে প্রয়োজনে মৃত্যুদণ্ডের বিধান করা হবে : খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, খাদ্যে ভেজাল রোধে প্রয়োজনে মৃত্যুদণ্ডের বিধান রেখে আইন সংশোধন করার কথা ভাবছে সরকার। তবে পবিত্র রমজান মাসে নিরাপদ খাদ্যের মান নিশ্চিত করতে ভেজালবিরোধী অভিযানে মোবাইল কোর্ট আরও কঠোরভাবে পরিচালনা করা হবে। খাদ্যে ভেজালকারীদের বিরুদ্ধে বর্তমান সরকারের জিরো টলারেন্স নীতির অংশ হিসেবে এ পদক্ষেপ নেওয়া হয়েছে। গতকাল (১২ মে রোববার) বাংলাদেশ সচিবালয়ের ২নং গেটের সম্মুখে পবিত্র মাহে রমজান উপলক্ষে নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সুসজ্জিত মোবাইল ভ্যানের মাধ্যমে ঢাকা মহানগরীতে প্রচার-প্রচারণা কর্মসূচির উদ্বোধনকালে খাদ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র **: সমকাল** (পৃ.৫,ক.১)**, ইত্তেফাক** (পৃ.৩,ক.৫)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)**, ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪)।

**৮।	অনলাইনে একাদশ শ্রেণিতে ভর্তি আবেদন শুরু,**
**বিশ্ববিদ্যালয়ের ভর্তি কার্যক্রমে সমন্বিত ব্যবস্থা চালু করার চিন্তা**

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী জানিয়েছেন, তারা বিশ্ববিদ্যালয়ে ভর্তি কার্যক্রমেও সমন্বিত ব্যবস্থা চালু করতে চান। অভিভাবক ও শিক্ষার্থীদের অর্থের অপচয় ও বিড়ম্বনা থেকে মুক্তির জন্য সমন্বিতভাবে গুচ্ছভিত্তিক ভর্তি শুরু করতে চান তারা। তিনি বলেন, উচ্চ মাধ্যমিকে সমন্বিতভাবে ভর্তি হতে পারলে বিশ্ববিদ্যালয়ে কেন পারা যাবে না। বিশ্ববিদ্যালয়গুলোতে সমন্বিত ভর্তি প্রক্রিয়ার অগ্রগতি নিয়ে উপমন্ত্রী বলেন, ইতোমধ্যে আমরা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এর সঙ্গে এ বিষয় নিয়ে বৈঠক করেছি। তারা একটি প্রতিবেদন তৈরি করেছে। সেখানে বিষয়টি পুঙ্খানুপুঙ্খভাবে তুলে ধরা হয়েছে। আমরা এ প্রতিবেদন পাওয়ার পর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে বৈঠক করব। কীভাবে এটি বাস্তবায়ন করা যায় তা আলাপ-আলোচনা করেই বিশ্ববিদ্যালয়ে সমন্বিত ভর্তি পদ্ধতি চালু করা হবে। গতকাল (১২ মে রোববার) ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডে অনলাইনে একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম উদ্বোধন করে তিনি এসব কথা বলেন। সূত্র **: সংবাদ** (পৃ.১৫,ক.৩)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫)**, ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**৯।	উদ্ভাবনের সুফল পেতে মেধাস্বত্ব সংরক্ষণ জরুরি : তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

মেধাস্বত্ব সংরক্ষণ না করলে দেশ উদ্ভাবনের সুফল পাবে না। গতকাল (১২ মে রোববার) প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্প কর্মসূচির ল্যাবের নতুন উদ্ভাবন নিয়ে রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের আই ল্যাব অডিটরিয়ামে আয়োজিত সেমিনারে এ কথা বলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার। তথ্যপ্রযুক্তি মন্ত্রী বলেন, আই ল্যাবে সব উদ্ভাবনের ক্ষেত্রে মেধাস্বত্ব সংরক্ষণ নিশ্চিত করতে হবে। আমাদের দেশের শিক্ষা ব্যবস্থাকে ডিজিটাল বাংলাদেশ ধারণার সঙ্গে সঙ্গতিপূর্ণ করা উচিত বলে মন্তব্য করেন মন্ত্রী। অনুষ্ঠানে উপস্থিত বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান বলেন, শিক্ষা মন্ত্রণালয় হওয়া উচিত হিউম্যান রিসোর্স প্ল্যানিং চিন্তাধারার। ইনোভেটিভ প্রজেক্টগুলোকে পাইলটিং করার ওপর তিনি বিশেষ গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত ছিলেন। সূত্র **: সমকাল** (পৃ.৪,ক.১)।

**১০।	ওয়ার্ল্ডস্কিলস এশিয়ার সদস্যপদ পেল বাংলাদেশ**

এশিয়া অঞ্চলের মধ্যে দক্ষতা অর্জনের লক্ষ্যে ওয়ার্ল্ডস্কিলস এশিয়ার সদস্যপদ লাভ করেছে বাংলাদেশ। প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) সংস্থাটির ১৪তম সদস্য পদ লাভ করে। এর সদস্য দেশগুলোকে নিয়ে একটি সাধারণ সভা আগামী ১৭ থেকে ১৯ জুন অনুষ্ঠিত হবে। সূত্র **: সমকাল** (পৃ.৫,ক.৪)**, জনকণ্ঠ** (পৃ.২,ক.৬)**, এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)**, ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**১১। সোনাগাজীর মাদ্রাসাছাত্রী নুসরাতকে পুড়িয়ে হত্যার ঘটনায় দায়িত্বে অবহেলার অভিযোগে এসপি জাহাঙ্গীরকে প্রত্যাহার**

সোনাগাজীর মাদ্রাসাছাত্রী নুসরাতকে পুড়িয়ে হত্যার ঘটনায় দায়িত্বে অবহেলার অভিযোগে জেলা পুলিশ সুপার জাহাঙ্গীর আলম সরকারকে ফেনী থেকে প্রত্যাহার করা হয়েছে। গতকাল (১২ মে রোববার) তাকে পুলিশ সদরদফতরে সংযুক্ত করা হয়েছে। মাদ্রাসাছাত্রী নুসরাত হত্যা মামলার পর পুলিশের দায়িত্ব পালন কতটা সঠিক ছিল তা নিয়ে পুলিশ সদরদফতর থেকে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছিল। কমিটি যে প্রতিবেদন দিয়েছে সে প্রতিবেদনের ভিত্তিতে এসপি জাহাঙ্গীর আলম সরকারকে ফেনী জেলা থেকে প্রত্যাহার করা হয়। ঐ ঘটনায় ব্যাখ্যা চেয়ে ইতোমধ্যে এসপিকে পুলিশ সদরদফতর থেকে চিঠি দেওয়া হয়েছে। এসপির ব্যাখ্যা যদি সন্তোষজনক না হয় সেক্ষেত্রে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা হতে পারে। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১), **নিউজ টুডে (শেষ** পৃ,ক.৫)।

**১২। আজ ত্রিদেশীয় সিরিজে ওয়েস্ট ইন্ডিজের মুখোমুখি বাংলাদেশ, জিতলেই ফাইনালে**

ত্রিদেশীয় সিরিজে নিজেদের তৃতীয় ম্যাচে ডাবলিনের মালাহাইডে আজ ক্যারিবীয়দের মুখোমুখি হবে বাংলাদেশ। জিতলেই ফাইনাল নিশ্চিত হয়ে যাবে। আর হারলে অপেক্ষায় থাকতে হবে আয়ারল্যান্ডের বিপক্ষে শেষ ম্যাচ পর্যন্ত। তিন ম্যাচে এক হার ও দুই জয়ে ওয়েস্ট ইন্ডিজের পয়েন্ট নয়, একটি জয় ও একটি ম্যাচ পরিত্যক্ত হওয়ায় বাংলাদেশের পয়েন্ট ছয় এবং দুই হার ও একটি ম্যাচ পরিত্যক্ত হওয়ায় আয়ারল্যান্ডের পয়েন্ট দুই। সূত্র : **যুগান্তর** (পৃ.১,ক,২), **সমকাল (শেষ** পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.১), **ডেইলি সান** (পৃ.৮,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** শেরপুর উপজেলার বাজিতখিলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের জায়গায় বাজার বসানোয় শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় দখলদারদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** বরিশাল বিভাগের ছয়টি কারাগারে **৩২শ'** বন্দির জন্য মাত্র একজন চিকিৎসক বরাদ্দ থাকায় বন্দিদের চিকিৎসা ব্যবস্থা ব্যাহত হওয়ায় অবিলম্বে এসব কারাগারে অন্তত একজন করে চিকিৎসক নিয়োগের ব্যবস্থা করার আহ্বান।

গ. **বণিক বার্তা :** অপরিণত শিশু জন্ম প্রতিরোধে গর্ভকালীন উন্নত পরিচর্যা ও চিকিৎসা নিশ্চিতকরাসহ বাল্যবিবাহ রোধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** ইট তৈরিতে জমির উর্বর মাটি ব্যবহার কমাতে নতুন উদ্ভাবিত বালু ও সিমেন্টের তৈরি পরিবেশবান্ধব ইট ব্যবহার করার আহ্বান।

ঙ. **ডেইলি সান :** মেয়াদোত্তীর্ণ পঁচা খেঁজুর ব্যবসায় জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

চ. **নিউ নেশন, এশিয়ান এজ, সমকাল, যুগান্তর, যায়যায়দিন :** ভূমধ্যসাগরে নৌকাডুবিতে ৩৭ জন বাংলাদেশির প্রাণহানিতে উদ্বেগ প্রকাশ করে অবৈধ অভিবাসন বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, খাদ্য ও ওষুধে ভেজাল প্রতিরোধে একটি নিয়মিত, স্থায়ী ও উপজেলা পর্যন্ত বিস্তৃত মোবাইল কোর্ট অবকাঠামো গড়ে তোলার লক্ষ্যে ম্যাজিস্ট্রেট পদে প্রয়োজনীয় সংখ্যক নিয়োগের ব্যবস্থা যত দ্রুত সম্ভব গ্রহণ করা উচিত।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'গণপরিবহণে ভোগান্তি : পাথর নিক্ষেপ, নারী নিগ্রহ দুষ্টচক্র'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ট্রেনে পাথর নিক্ষেপ ও বাসে নারীর প্রতি সহিংসতা বেড়ে যাওয়ায় এসব কর্মকাণ্ডের বিরুদ্ধে জনসচেতনতা ও সামাজিক প্রতিরোধ গড়ে তোলা দরকার।

#

ফাহিমা/মরজিনা/রশীদ/২০১৮/৯.০০ঘন্টা